দৈনিক ইনকিলাব

তারিখ ... 09 JUN 1997 ...
পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ২ ...

# রাজশাহী ভার্সিটি ভিসি'র অপসারণের কোন বিকল্প নেই

**–ছাত্র শিবির**

এক যুগ ধরে চলে আসা অনুষদভিত্তিক ভর্তি পদ্ধতিতে অবিলম্বে প্রথম বর্ষ ভর্তি কার্যক্রম শুরু, ব্যর্থ ভিসি আব্দুল খালেকের অপসারণ, সামসুজ্জোহা হলসহ ক্যাম্পাস থেকে পুলিশ প্রত্যাহার, গ্রেফতারকৃত শিবির নেতার-কর্মীদের মুক্তি এবং পুলিশী তান্ডবতা বন্ধের দাবীতে ইসলামী ছাত্র-শিবির গতকাল স্বরাষ্ট্র ও শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি প্রদান করে। বায়তুল মোকাররম উত্তর গেটে এই উপলক্ষে এক সমাবেশ সকাল ১০টায় শুরু হয়। পরে একটি বিক্ষোভ মিছিল সচিবালয় গেটে স্বরাষ্ট্র ও শিক্ষা মন্ত্রণালয় ঘেরাও কর্মসূচী পালন এবং স্মারকলিপি প্রদানের উদ্দেশ্যে সচিবালয় গেটে পৌছুলে পুলিশ মিছিলে বাধা দেয়। পরে শিবির সভাপতি মুহাম্মদ শাহজাহানের নেতৃত্বে ৮ সদস্যের এক প্রতিনিধি দল স্বরাষ্ট্রমন্ত্রী মেজর (অবঃ) রফিকুল ইসলাম ও শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের সাথে সাক্ষাৎ করে স্মারকলিপি প্রদান করেন।

স্মারকলিপি প্রদানের আগে অনুষ্ঠিত সমাবেশে শিবির সভাপতি মুহাম্মদ শাহজাহান বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থার নিরসন করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য বর্তমান বিতর্কিত ভাইস চ্যান্সেলর আব্দুল খালেকের অপসারণের কোন বিকল্প নেই। কেননা এই অগণতান্ত্রিক ব্যক্তি তার দায়িত্বহীন উক্তি ও দায়িত্বশীল বিবর্জিত কর্মকান্ডে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের দায়িত্বপূর্ণ পদে থাকার সকল নৈতিক অধিকার হারিয়েছেন। প্রেস বিজ্ঞপ্তি।